গাংনীর বাওটে উঠান বৈঠক অনুষ্ঠিত

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয় হলরুমে গ্রামের নারীদের নিয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসুজ্জামান মঙ্গলের সভাপতিত্বে অনুষ্ঠিত উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের এমপি পত্নি মোছা: লাইলা আরজুমান বানু।

বাওট গ্রাম আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সাবেক মেম্বর সাহবুদ্দীনের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, গ্রাম আওয়ামীলীগের সভাপতি আব্দুল গনি, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, মটমুড়া ইউনিয়ন পরিষদের ৪.৫,৬ নং ওয়ার্ডের মেম্বর শিল্পি খাতুন, সাহারবাটি ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্য ফেরদৌসী খাতুন প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে লাইলা আরজুমান বানু বলেন, বর্তমান সরকার বিধবা, স্বামী পরিত্যক্তা, বয়স্ক নারীদের জন্য ভাতা চালু করেছেন। সরকার দেশের সকল ক্ষেত্রে উন্নয়ন করে চলেছেন। নারীরা আজ নির্বিঘ্নে রাস্তায় চলাচল করতে পারছেন। তাই সরকারকে আবারও ক্ষমতায় আনতে নারীদের এগিয়ে আসতে হবে। দেশের উন্নয়ন ও অগ্রগতি ধরে রাখতে নৌকা মার্কায় ভোট দিতে হবে।

উঠান বৈঠকে এলাকায় বিভিন্ন শ্রেনীর পেশার নারীরা অংশ নেন।

গাংনীতে শাহিদুজ্জামান শিপুর উদ্যোগে বিক্ষোভ মিছিল ও

সমাবেশ

গাংনীতে বিএনপির নৈরাজ্য ও মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের উস্কানীমূলক ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে কটুক্তি করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে জেলা ছাত্র লীগের সাবেক সহ সভাপতি শাহিদুজ্জামান শিপু।

আজ শনিবার রাত ৮ টার সময় শাহিূদুজ্জামান শিপুর নেতৃত্বে একটি বিশাল বিক্ষোভ মিছিল তার রাজনৈতিক কার্যালয় থেকে সড়ক প্রদক্ষিণ শেষে গাংনী বাজার বাসস্ট্যান্ডে সমাবেশে মিলিত হয়।

ধানখোলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলি আজগর এর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সাবেক ছাত্রলীগ নেতা শাহিদুজ্জামান শিপু।

এসময় পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, শ্রমিক লীগ নেতা মনিরুল ইসলাম মনি, গাংনী বাজার কমিটির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম রফিক, ছাত্র লীগ নেতা মাজিদুল ইসলাম প্রমুখ।

ছাত্র লীগ নেতা উজ্জ্বল হোসেনের সঞ্চালনায় সমাবেশ ও বিক্ষোভ মিছিলে আওয়ামী লীগ,যুবলীগ,সেচ্ছাসেবক লীগ, ছাত্র লীগের তৃণমূল নেতাকর্মী অংশ গ্রহন করেন।

মেহেরপুরে শহিদুল ইসলাম পেরেশানের গণসংযোগ

শেখ হাসিনাকে আবারও ক্ষমাতায় আনতে ও উন্নয়নের ধারা অব্যাহত রেখে র্স্মাট বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান গণসংযোগ করেছেন।

শনিবার বিকাল সাড়ে পাঁচটায় মেহেরপুর সদর উপজেলার কালীগাংনী গ্রামে এ গনসংযোগ অনুষ্ঠিত হয়।

কালিগাংনী ওয়ার্ড যুবলীগের সভাপতি বানি আমিনের সভাপত্বিতে প্রধান

অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ- সভাপতি অ্যাড মিয়াজান আলী, মেহেরপুর সদর থানা আওয়ামী লীগের সাবেক সভাপতি আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী যুবলীগের সভাপতি হাজি সইফুল ইসলাম, সাধারন সম্পাদক রায়হান উদ্দিন মন্টু প্রমুখ।

চুয়াডাঙ্গায় বিএনপির ৪৫ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে চুয়াডাঙ্গায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।আজ শনিবার সকাল ১০ টায় চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের মাঠ প্রাঙ্গনে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য খন্দকার আব্দুর জব্বার সোনা। এসময় সভাটি আয়োজন করেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি।

আলোচনার শুরুতে দলের কার্যক্রম ও দল আরো শক্তিশালী করার লক্ষে দলের নেতাকর্মিদের সাথে আলোচনা করা হয়।

সভার প্রধান অতিথি কেন্দ্রীয় বিএনপির উপ- কোষাধ্যক্ষ মাহবুব হাসান খান বাবু বলেন, এই সরকারের পতন ঘটাতে হবে। অরাজনৈতিক সরকার ক্ষমতায় থাকলে দেশ অধপতনে যাবে। তাই সরকারের পদত্যাগ করাতে হবে। বিএনপির আদর্শকে লালন করে আগামী নির্বাচনে বিএনপি জয়যুক্ত করতে হবে। বিএনপির জননেত্রী বেগম খালেদা জিয়ার আমলে দেশে উন্নয়ন হয়েছে। আওয়ামী লীগের কারণে আজ দেশ জাহান্নামে চলে গেছে। শেখ হাসিনার সরকার অত্যাচারি সরকার। ১৫ টি বছর দেশের গণতন্ত্র হত্যা

করছে। এখানো নীল নকশা করে যাচ্ছে। এই অবৈধ সরকারকে বিতাড়িত করে পতন ঘটানো। এতে তত্ত্বাবধায়ক সরকার গঠন করা হবে। বাংলাদেশের ভোট অধিকার দিতে হবে। এই ভোট চোরের বিরুদ্ধে আন্দোলন করা হবে।
তিনি আরো বলেন, বিএনপির তরুণ দলরাই পারবে এ দেশকে জুলুম ও নির্যাতন সরকারের বাঁচাতে। আগামি দিনই তারেক জিয়ার নেতৃত্বে এ দেশের গণতন্ত্র ফিরে আসবে। আজ বিএনপি দলকে সমর্থন করছে। তাই আগামি দিনের নেতা তারেক জিয়া। গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হলে সংগ্রাম করতে হবে। গণতন্ত্র ফিরে আসতে হলে সবাইকে লড়তে হবে। শেখ হাসিনার সরকার ভোট চুরির সরকার। আওয়ামী লীগের রক্তের মধ্যে ভোট চুরি করছে। বাংলাদেশ যতদিন আছে ততদিন এই বিএনপি দল থাকবে।

এসময় সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান শরীফ, চুয়াডাঙ্গা জাসদ দলের সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, চিৎলা ইউনিয়ন বিএনপির সভাপতি পাপেন, শংকরচন্দ্র ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি সাইফুল ইসলাম, বাড়াদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলী, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি আলম শাহ, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেকুল ইসলাম, নাগদাহ ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শাহিন, আন্দুলবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি আতিয়ার রহমান, কুড়ুলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশিদ, বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রহিম, দামুড়হুদা উপজেলা সদর বিএনপির সভাপতি কুতুবউদ্দিন, মোনহারপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আমিনুল সরদার, পারকৃষ্ণপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শফিউল্লাহ শফি, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান, বাড়াদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলী, কালিদাসপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক লালন, আইলহাঁস ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি ইউনুস, গড়াইটুপি ইউনিয়ন বিএনপির সভাপতি মোহাম্মদ আলী, নেহালপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ফরজ আলী, প্রমুখ। এছাড়াও উপস্থিত দলের সকল নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুর জেলা বিএনপি’র র্যালী ও সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করতে সংক্ষিপ্ত আলোচনা সভা ও বর্ণাঢ র্যালী করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ শনিবার (২ সেপ্টেম্বর)সকাল সাড়ে ১০টায় শহরের কলেজ মোড় এলাকায় বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সংক্ষিপ্ত একটি সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুণ বলেন, ‘নিরপেক্ষ তত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন দিতে হবে, আর তার আগে এই অবৈধ পার্লামেন্ট ভেঙে দিতে হবে। তারপর বিএনপি বিবেচনা করে দেখবে নির্বাচনে যাবে কি যাবে না।’ তিনি আরো বলেন, ‘আমাদের আন্দোলনকে দমানো যাবে না। গুম-খুন -ভয় দেখিয়ে কোন লাভ নেই। মামলা, হামলার অনেক শিকার হয়েছি আর না। জনগণ যখন রাস্তায় নেমেছে এ সরকারের পতন ঘটিয়েই আমরা ঘরে ফিরব।’

সংক্ষিপ্ত সমাবেশ শেষে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে একটি বিশাল র্যালী বের হয়।

র্যালীটিতে আনুমানিক ৫ সহস্রাধিক নেতা কর্মী অংশগ্রহণ করে। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সহিউদ্দিন ডিগ্রি কলেজের সামনে যেয়ে শেষ হয়। মেহেরপুর জেলা বিএনপি ও তার সকল অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা এই র্যালীটিতে অংশ নেয়।

নোটিশ প্রদানকারী দেবাশিষের বাড়ি ও অফিসে পুলিশের তল্লাশি

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক ও ঠিকাদার শহীদ সরফরাজ হোসেন মৃদুলের দেওয়া ১ কোটি ৮০ লক্ষ টাকার চেক ডিজঅনার হওয়াতে

ভুক্তভগী যৌথ ব্যবসায়ী দেবাশীষ কুমার বাগচী উকিল নোটিশ পাঠান। পরবর্তীতে শহীদ সরফরাজ হোসেন মৃদুল অতিরিক্ত জেলা ম্যজিস্ট্রেট আদালতে একটি পিটিশন মামলা দায়ের করেন (মামলা নং ৪৯২/২৩ তারিখ ৩০-০৮-২০২৩)। আদালতের সার্চ ওয়ারেন্ট নিয়ে পুলিশ দেবাশীষ কুমার বাগচীর বাড়ি ও অফিসে তল্লাশি চালায়।

গতকাল শুক্রবার দুপুর ১২ টা ১০ মিনিট থেকে দুপুর ১ টা ২৫ মিনিট পর্যন্ত পুলিশের একটি দল মেহেরপুর পৌর এলাকার জেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের বিপরীত দিকে অবস্থিত দেবাশীষ কুমার বাগচীর ভাড়া বাসার পাঁচতলায় এই তল্লাশি করে। ডিজঅনার হওয়া ১ কোটি ৮০ লক্ষ টাকার চেকটি যার নম্বর ঈঞখঐ ৫৮৯১৬৫০ উদ্ধারের জন্যই এই তল্লাশি চালানো হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

আত্মহত্যার হুমকি দিয়ে চিরকুট

৩০ আগস্ট ২০২৩ এডভোকেট খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েলের স্বাক্ষরিত দেবাশীষ কুমার বাগচীর দেওয়া উকিল নোটিশের সুত্র থেকে জানা গেছে, জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ছোট ভাই শহীদ সরফরাজ হোসেন মৃদুল এবং দেবাশীষ কুমার বাগচী নিজ নিজ ঠিকাদারী লাইসেন্স সহ বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইসেন্সে যৌথভাবে দীর্ঘদিন ধরে ঠিকাদারী ব্যবসা পরিচালনা করতেন। ব্যবসা পরিচালনাকালে শহীদ সরফরাজ হোসেন মৃদুলের কাছে দেবাশীষ কুমার বাগচীর ১,৮০,০০,০০০/- (এক কোটি আশি লক্ষ) টাকা পাওনা হয়। একপর্যায়ে শহীদ সরফরাজ হোসেন মৃদুল ও দেবাশীষ কুমার বাগচী যৌথ ব্যবসার পরিসমাপ্তি ঘটাতে সমুদয় ব্যবসা ও ব্যবসা সংক্রান্ত দলিলাদী নিজ-নিজ হেফাজতে নেন এবং দেবাশীষ কুমার বাগচীর পাওনা ১,৮০,০০,০০০/- (এক কোটি আশি লক্ষ) টাকা পরিশোধের উদ্দেশ্যে গত ২৪ জুলাই ২০২৩ তারিখে শহীদ সরফরাজ হোসেন মৃদুলের নামীয় রুপালী ব্যাংক লিঃ, মেহেরপুর কর্পোরেট শাখা, মেহেরপুর -এর চলতি একাউন্ট নম্বর ৩১৮৬০৫০০০০০৪১-এর একটি চেকের মাধ্যমে ১,৮০,০০,০০০ টাকা দেবাশীষ কুমার বাগচীকে পরিশোধ করেন। এবং দেবাশীষকে বলেন ব্যাংকে চেকটি জমা দিলে টাকা পেয়ে যাবেন। চেক নম্বর ঈঞখঐ ৫৮৯১৬৫০ (রুপালী ব্যাংক লি)। চেকটিতে শহীদ সরফরাজ হোসেন মৃদুলের সাক্ষর ও তার মালিকানাধীন শাদমান ফার্মেসীর সীলমোহর সহ চেকের অপর পৃষ্ঠায় দুইটি স্বাক্ষর দ্বারা সম্পূর্ণ চেকটি সম্পাদন করা ছিল।

শহীদ সরফরাজ হোসেন মৃদুলের কথামতো দেবাশীষ কুমার বাগচী উক্ত চেকটি নগদায়নের জন্য গত ২৪ জুলাই ২০২৩ তারিখে দেবাশীষের ব্যাংক একাউন্ট অগ্রণী ব্যাংক লিমিটেড, মেহেরপুর শাখার চলতি হিসাব নম্বর ০২০০০২০৮২৮২৪৮- এ জমা দিলে সংশ্লিষ্ট ব্যাংক ১লা আগস্ট ২০২৩ তারিখে তাকে জানায় যে, উক্ত হিসাব নম্বরটি দুই বছর আগেই (২০২১ সালের ৪ এপ্রিল) তারিখে বন্ধ করে দেওয়া হয়েছে। অথচ শহীদ সরফরাজ হোসেন মৃদুল দেবাশীষ কুমার বাগচীকে যে চেকটি প্রদান করেন সেই চেকের নম্বর উল্লেখ করেই চেক প্রদানের তারিখেই (২৪ জুলাই ২০২৩) চেক হারিয়েছে মর্মে থানায় একটি জিডি করেন এবং উল্লেখিত ব্যাংককে অবগত করেন।

পরবর্তীতে দেবাশীষ কুমার বাগচীকে রূপালী ব্যাংক লিঃ, মেহেরপুর কর্পোরেট শাখা গত ১লা আগস্ট ২০২৩ তারিখে চেক রিটার্ন মেমো বা চেক ডিজনার সার্টিফিকেট দেয়।

অতঃপর বিষয়টি দেবাশীষ কুমার বাগচী শহিদ সরফরাজ হোসেন মৃদুলকে জানানোর পর তিনি দুঃখ প্রকাশ করলেও টাকা পরিশোধের বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেননি। এতে দেবাশীষ কুমার বাগচীর দৃঢ় বিশ্বাস জন্মে যে, শহীদ সরফরাজ হোসেন মৃদুল তাকে ঠকাবার উদ্দেশ্যে উক্ত ব্যাংক হিসাবটি বন্ধ জানা সত্ত্বেও বন্ধ একাউন্টের চেক প্রদান করেন। দেবাশীষ মনে করেন চেক প্রদানের পরপরই থানায় মিথ্যা জিডি করে দেবাশীষের পাওনা টাকা আত্মসাৎ করার পরিকল্পনায় লিপ্ত হয়েছেন । অতঃপর গত ৩০ আগস্ট ২০২৩ দেবাশীষ কুমার বাগচী নেগশিয়েবল ইন্সট্রুমেন্ট এক্ট ১৮৮১ এর ১৩৮ ধারার বিধান মোতাবেক শহীদ সরফরাজ হোসেন মৃদুলকে টাকা পরিশোধ করতে রেজিস্ট্রী ডাকযোগে একটি উকিল নোটিশ প্রেরণ করেন।একই দিনে (৩০ আগস্ট ২০২৩) শহীদ সরফরাজ হোসেন মৃদুল মেহেরপুর অতিরিক্ত জেলা ম্যজিস্ট্রেট আদালতে চেক হারিয়ে যাওয়ার জিডির সুত্র ধরে একটি পিটিশন মামলা দায়ের করেন। যার মামলা নং ৪৯২/২৩, তারিখ ৩০-০৮-২০২৩। আদালত মামলাটি আমলে নিয়ে চেকটি উদ্ধার করতে সার্চ ওয়ারেন্ট ইশ্যু করলে,মেহেরপুর সদর থানা পুলিশের এস আই মোমিনের নেতৃত্বে পুলিশের একটি দল গতকাল শুক্রবার দুপুরে দেবাশীষ কুমার বাগচীর বাড়ি ও অফিসে তল্লাশি চালায়।

দেবাশীষ কুমার বাগচীর স্ত্রী ও একাধিক সাক্ষির উপস্থিতিতে পুলিশের ঘন্টাব্যাপী সময়ের এই তল্লাশি অভিজানে উল্লেখিত চেকটি পাওয়া যায়নি। তবে তল্লাশি অভিযান পরিচালনা কালে দেবাশীষ কুমার বাগচীর সত্ত্বাধিকারী ব্যবসা প্রতিষ্ঠান মেসার্স মেহেরপুর

ট্রেডিং এর প্যাডে দেবাশীষের নিজ হাতে লিখিত ৩০ জুলাই স্বাক্ষরিত ও সীলমোহর যুক্ত একটি চিরকুট দেবাশীষের বেড রুমের আলমারিতে সাঁটানো অবস্থায় দেখতে পাওয়া যায়। যেখানে লেখা আছে, ‘আমার মৃত্যুর জন্য মৃদুল ভাই দায়ী। আমার ১,৮০,০০০০০ (এক কোটি আশি লক্ষ টাকা) দিলো না। আমার চেক অগ্রনী ব্যাংকে আমার একাউন্টে জমা আছে।‘

এই ব্যপারে শহীদ সরফরাজ হোসেন মৃদুলের সাথে ফোনে একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।

এডভোকেট খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েল দেবাশীষ কুমার বাগচীর উকিল নোটিশ প্রদানের সত্যতা মেহেরপুর প্রতিদিনকে নিশ্চিত করেছেন।

কার্পাসডাঙ্গায় জাসদের ইউনিয়ন কমিটি গঠন

কার্পাসডাঙ্গায় জাসদের ইউনিয়ন কমিটি গঠন করা হয়েছে আমজাদ হোসেন সভাপতি ও আহসান হক সাধারণ সম্পাদক কেও কমিটি গঠন করা হয়।

গতকাল শুক্রবার বিকাল ৫ টার সময় উপজেলার কার্পাসডাঙ্গা কলোনি পাড়ার জামে মসজিদের দক্ষিণ দিকে শ্রী শম্ভু গোপাল বসু’র বালিগাদা সংলগ্ন স্থানে আমজাদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালিত হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদের) চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক শামসুল আলম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাসদের দপ্তর সম্পাদক নাজমুল আলম, রহমত হোসেন, নজরুল ইসলাম, জাকির হোসেন, নুরুল আমিন, হাবিবুর, মজু, রাজা, শরিফুল, সিলাম, মিলন, সহ আরো অনেকে।
এসময় সর্ব সাধারণের মতামতের পরিপেক্ষিতে আমজাদ হোসেনকে সভাপতি

এবং আহসান হক কে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

কোটচাঁদপুরে বিএনপির ৪৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে পুলিশের বাধা উপেক্ষা করে নানা আয়োজনের মধ্য দিয়ে বিএনপি’র (৪৫) তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল শুক্রবার সকালে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে উপজেলা ও পৌর কার্যালয়ের সামনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। বিকালে স্থানীয় মেইন বাসষ্টান্ড উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে একটি মিছিল বের হয়ে খান আবাসিকের সামনে পৌছালে মিছিল টি তে পুলিশ বাধা দেয়। বাধা উপেক্ষা করে পৌর পাঠাগারের সামনে গিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল।

সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি এ্যাডঃ আব্দুল মজিদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আবুবকর বিশ্বাস, পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক পৌর মেয়র সালাহউদ্দীন বুলবুল সিডল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী

পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মোঃ হারুন অর রশীদ, উপজেলা বিএনপির সহ-সভাপতি প্রভাষক মোঃ সাইফুর রহমান পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইকরামুল হক,উপজেলা বিএনপি দপ্তর সম্পাদক মোঃ

শহিদুল ইসলাম ভূঁইয়া, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খাঁন মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, সদস্য সচিব সেলিম রেজা মধু, যুগ্ম আহ্বায়ক আবু তালেব রিপন, উপজেলা ছাত্রদের আহ্বায়ক নাছির উদ্দীন লিয়ন,সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, পৌর ছাত্র দলের আহ্বায়ক নিশু, সদস্য সচিব ফজলে রাব্বি প্রমূখ।

এসময় উপজেলা ও পৌর বিএনপি সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে জাতীয় যুবজোটের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে জাতীয় যুবজোটের ১৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে শহরের উদয়ন স্কুল মাঠে জেলা যুবজোটের উদ্যোগে এই প্রতিষ্ঠা বাষির্কী পালন করা হয়।

জেলা যুবজোটের সভাপতি মনিরুজ্জামামান উজ্জলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তি।

এছাড়াও জাসদের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, যুবজোটের সাধারণ সম্পাদক আশানুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য দেন।

এসময় বক্তারা বলেন বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। দেশে ঘুষ দুর্নীতি বন্ধ করে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য কমাতে হবে। যুবকদের চাকুরিতে প্রবেশের বয়স ৩৩ বছর করার দাবি জানান। এছাড়া বিএনপি, জামায়াত-শিবির ও যুদ্ধাপরাধীদের তান্ডব প্রতিহত করতে যুবসমাজকে ঐক্যবদ্ধ ভাবে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে স্বাধীনতার পক্ষের শক্তি ১৪দলীয় জোটের পক্ষের প্রার্থীদের নির্বাচিত করার আহবান জানান।

ঝিনাইদহে বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

নানা আয়োজনে বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। আজ শুক্রবার সকালে ঝিনাইদহ জেলা বিএনপি’র আয়োজনে শহরের এইচএসএস সড়কের দলীয় কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে আলোচনা মঞ্চে গিয়ে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ এর সভাপতিত্বে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, উপজেলা বিএনপির সভাপতি কামাল আজাদ পান্নুসহ বিএনপি ও এর অন্যান্য সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, অবৈধ সরকার আজ দেশের গণতন্ত্রকে হত্যা করে মানুষের স্বাধীনতা হরণ করে পুলিশ দিয়ে জোর করে ক্ষমতায় বসে আসে। দেশের মানুষের ভোটাধিকার ও গনতন্ত্র ফিরিয়ে আনতে আগামী দিনের আন্দোলন সংগ্রামে সকলকে ঐক্যবদ্ধ হয়ে রাজপথে থাকার আহবান জানান তারা।